



# রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ফোন : ০৭২১-৮৬২৪৪৫  
ফ্যাক্স : ০৭২১-৮৬২৪৪৫  
ওয়েবসাইট : www.rakub.org.bd  
ই-মেইল : dgmpd@rakub.org.bd

## প্রধান কার্যালয়, রাজশাহী কর্মী ব্যবস্থাপনা বিভাগ

সার্কুলার নং-প্রকা/কব্যবি-০৩/২০১৬

তারিখ : ৩০-০৩-২০১৬

বিষয় : 'বাংলা নববর্ষ ভাতা' প্রদান প্রসঙ্গে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, বাস্তবায়ন অনুবিভাগের ১৫-১২-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৬১.০০.০০৩.১৫-৩১১ নম্বর স্মারক মূলে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গেজেট প্রকাশিত হয়। উক্ত গেজেটের ১৫ নং অনুচ্ছেদের মাধ্যমে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তন করা হয় এবং একই অনুচ্ছেদের ০৪ নং উপ-অনুচ্ছেদে 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৪-১০-২০১৫ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.৪৪.০১৮.১৪-৭৮ নম্বর প্রজ্ঞাপন অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে (কপি সংযুক্ত)।

০২। অর্থ মন্ত্রণালয়ের ১৪-১০-২০১৫ তারিখের প্রজ্ঞাপনের মাধ্যমে 'বাংলা নববর্ষ ভাতা' প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছে :

- (০১) আগামী ১৪২৩ বঙ্গাব্দ হতে 'বাংলা নববর্ষ ভাতা' প্রবর্তিত হবে;
- (০২) জাতীয় বেতনস্কেলের আওতাভুক্ত সকল কর্মচারী (সামরিক/বেসামরিক) প্রতিবছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে 'বাংলা নববর্ষ ভাতা' প্রাপ্য হবেন;
- (০৩) মাসিক নীট পেনশন গ্রহণকারীগণ এবং আজীবন পারিবারিক পেনশন ভোগীগণ তাঁদের মাসিক নীট পেনশনের ২০% হারে এ ভাতা প্রাপ্য হবেন; এবং
- (০৪) ১০০% পেনশন সমর্পণকারীগণের ক্ষেত্রে এ ভাতা প্রযোজ্য হবে না।

০৩। অর্থ মন্ত্রণালয়ের ১৪-১০-২০১৫ তারিখের প্রজ্ঞাপনের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক জাতীয় বেতন স্কেলের আওতাভুক্ত এই ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীকে প্রতি বছর মার্চ মাসে আহরিত মূল বেতনের ২০% হারে অনুষ্ঠান উদ্‌যাপনের ০৭ (সাত) দিন পূর্বে 'বাংলা নববর্ষ ভাতা' বিতরণযোগ্য হবে।

০৪। ব্যাংকের হিসাব খাতে পরিচালিত অন্যান্য সম্পদ খাত কোড ১৩ এর অধীনে ১৩৩ খরচ খাতের ১৩৩/১৪-এ 'বাংলা নববর্ষ ভাতা' উপ-খাত বিকলন (ডেবিট) করে এই ভাতা প্রদান করতে হবে এবং কোন অবস্থাতেই এ অংক প্রধান কার্যালয়ের হিসাবে বিকলন (ডেবিট) করা যাবে না।

সংযুক্তি : বর্ণনামতে।

অনুমোদনক্রমে-

(মোঃ নূরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/কব্যবি-৭/২০১৫-২০১৬/৩০৯১(৪৪৬)

তারিখ : ৩০-০৩-২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী (সার্কুলারটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, উপশহর, রাজশাহী।
- ৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা শাখা, ঢাকা।
- ৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১১। সহকারী মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১২। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৪। উপ-প্রকল্প পরিচালক, এসইসিপি, বগুড়া।
- ১৫। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৬। অফিস নথি।

(মোঃ মোয়াজ্জেম হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক